যুগান্তর

তারিখ 26 MAY 2010
পৃষ্ঠা প্রথম

# একাদশ শ্রেণীতে ক্লাস শুরু ১ জুলাই

## আসন বৃদ্ধির প্রস্তাবে সাড়া মেলেনি

যাযাদি রিপোর্ট

পহেলা জুলাই একাদশ শ্রেণীতে ক্লাস শুরু এবং মধ্য জুন থেকে কলেজগুলোতে ভর্তি কার্যক্রম শুরুর নির্দেশনা দেয়ার সিদ্ধান্ত হয়েছে। এদিকে উচ্চ মাধ্যমিকে এসএসসি পরীক্ষায় পাস করা মেধাবীদের ভর্তির সুযোগ করে দিতে শীর্ষ কলেজগুলোতে আসন সংখ্যা বাড়ানোর প্রস্তাব দিয়ে কোনো সাড়া পায়নি শিক্ষা মন্ত্রণালয়। উল্টো রাজধানীর বেশ কিছু কলেজ অবকাঠামোগত সমস্যা এবং শিক্ষক-কর্মচারীর স্বল্পতার জন্য আগের ভর্তিযোগ্য আসন সংখ্যা কমানোর কথা বলেছে। তবে কয়েকটি সরকারি কলেজ অবকাঠামো সমস্যা সমাধানে সরকারি সহায়তা এবং শিক্ষক সঙ্কট সমাধান হলে কলেজ শাখা খোলার বিষয়টি বিবেচনায় করতে পারে বলে সরকারকে জানিয়েছে।

মঙ্গলবার কলেজে ভর্তি বিষয়ে মন্ত্রণালয়ের কলেজ শাখা মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে (মাউশি) অনুষ্ঠিত

ক্লাস : পৃষ্ঠা ১৫ কলাম ৪

## ক্লাস : একাদশ

(শেষ পৃষ্ঠার পর)

বৈঠকে রাজধানীর শীর্ষ আটটি কলেজের অধ্যক্ষদের ডাকা হয়। এছাড়া ঢাকা শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানসহ মন্ত্রণালয়ের কলেজ শাখার কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বৈঠকে রাজধানীর কলেজগুলোতে আসন বাড়ানো এবং মেধাবীদের ভর্তির সুযোগ করে দিতে ডাবল শিফট চালু করা, ভর্তির নীতিমালার কি হওয়া উচিত এবং এ ব্যাপারে সমস্যাগুলো চিহ্নিত করা হয়েছে। বৈঠকে রাজধানীর বড় কলেজগুলোতে আসন বাড়ানোর এবং ডাবল শিফট চালুর ব্যাপারে অধ্যক্ষদের শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রস্তাব করা হলে অধ্যক্ষরা সাফ জানিয়ে দেন, তাদের অবকাঠামো এবং শিক্ষক সঙ্কটের জন্য এ মুহূর্তে আসন বাড়ানো কিছুতেই সম্ভব নয়। তবে রাজধানীর কয়েকটি কলেজ এ ব্যাপারে সায় দিয়েছে। ঢাকা সিটি কলেজ এ বছর ১০০ আসন বাড়াবে। সরকারি তিতুমীর কলেজ ও ইডেন কলেজে একাদশ শ্রেণী চালু করতে রাজি হয়েছে। তবে তারা দাবি করেছে, এজন্য সরকারকে দ্রুত কলেজের অবকাঠামো গড়ে তোলা এবং শিক্ষক সঙ্কট সমাধানে সচেষ্ট হতে হবে।

এদিকে আগামী ১ জুলাই থেকে একাদশ শ্রেণীতে ক্লাস শুরু এবং মধ্য জুন থেকেই তার ভর্তি কার্যক্রম শুরুর নির্দেশনা প্রণয়নের সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এছাড়া ভর্তি কার্যক্রম শুরুর আগে এসএসসি ও সমমানের ফলাফল পুনঃমূল্যায়নের এবং ট্রান্সক্রিপ্ট ও সনদ বিতরণের কাজ সম্পন্ন করতে বোর্ডগুলোকে নির্দেশ দেয়া হয়েছে। ভর্তির ক্ষেত্রে নতুন নীতিমালা ৩০ মে অনুষ্ঠিত শিক্ষা মন্ত্রণালয়ের উচ্চপর্যায়ের বৈঠকে ঘোষণা করা হবে। ওইদিন একাদশ শ্রেণীতে মেধাবীদের ভর্তি সঙ্কট নিয়ে আলোচনার জন্য রাজধানীর সব কয়টি কলেজের অধ্যক্ষদের নিয়ে বৈঠক ডেকেছে। এ বৈঠকে ভর্তি নীতিমালা ঘোষণা, মেধাবীদের জন্য আসন বাড়ানো, ভর্তির ফি নির্ধারণসহ অন্যান্য বিষয় নিয়ে আলোচনা করা হবে। রাজধানীর জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) মিলনায়তনে এ সভা হবে। সভায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ উপস্থিত থাকবেন বলে জানা গেছে।

এবার আটটি সাধারণ শিক্ষা বোর্ডের এসএসসি, মাদ্রাসা বোর্ডের দাখিল এবং কারিগরি বোর্ডের এসএসসি ভকেশনালে সর্বমোট ৮২ হাজার ৯৬১ জন জিপিএ-৫ পেয়েছে। এর মধ্যে ঢাকা বোর্ডেই ২১ হাজার ১৪২ জন জিপিএ-৫ পেয়েছে। অথচ রাজধানীতে ভালো কলেজ হাতেগোনা ১০ থেকে ১২টি। দেখা গেছে, রাজধানীতে ভালোমানের ১০টি কলেজে আসন আছে প্রায় ১০ হাজার। অথচ সারাদেশের ভালো ফলধারীরা ঢাকার ভালোমানের কলেজে ভর্তির জন্য ছুটে আসে। তাই জিপিএ-৫ পেয়েও অনেকের ভালো কলেজে ভর্তিতে অনিশ্চিয়তা দেখা দিয়েছে। আর তুলনামূলক খারাপ জিপিএ অর্জনকারীরাদের জন্য এ সঙ্কট আরো ভয়াবহ হবে। তাই ভর্তি নিয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে পরীক্ষায় ভালো ফলাফল করেও কলেজে ভর্তি নিয়ে উৎকণ্ঠা আর উদ্বেগ বিরাজ করছে।

খাতা মূল্যায়ন ও সনদ বিতরণ : আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি সূত্রে জানা গেছে, আগামী ১০ জুনের মধ্যে এসএসসি পরীক্ষার উত্তরপত্র পুনঃমূল্যায়নের কাজ শেষ হবে এবং এর ফল জানা যাবে। ৩ জুন থেকে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে ট্রান্সক্রিপ্ট এবং সনদ পাওয়া যাবে।